

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
ওয়েব সাইটঃ [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)  
ই-মেইলঃ [techedu09@gmail.com](mailto:techedu09@gmail.com)

ডিজিটাল নথি নং-৩৭.০৩.০০০০.০১১.১৮.০১৫(অংশ-২).১৬-১০২

তারিখঃ ২/১০/২০১৬ খ্রিঃ।


বিষয় : চাকুরী হতে অব্যাহতি প্রদান প্রসংগে।

সূত্র : কিশোরগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের স্মারক নং-কিশোর.পলি.ইন/সংস্থাপন/২০১৬/০১২০৬, তারিখঃ ০৬/০৯/২০১৬ ইং।

উপর্যুক্ত বিষয়ে জানান যাচ্ছে যে, সুদ্রোক্ত স্মারক মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তরীয় কিশোরগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের ইন্সট্রাক্টর (টেক/আরএসি), জনাব দিদারুল আলম এর চাকুরী হতে অব্যাহতির বিষয়ে নিম্নোক্ত তথ্যাদি/কাগজপত্রসমূহ প্রয়োজন।

- (ক) চাকুরীর নিয়োগ পত্র।
- (খ) যোগদান পত্র।
- (গ) চাকুরীতে যোগদানের পর কোন কোন প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন তারিখ উল্লেখ পূর্বক তার বর্ণনা/তথ্য এবং সে সকল প্রতিষ্ঠানের প্রধানদের নিকট হতে তার নিকট কোন সরকারী পাওনা নাই, তার বিরুদ্ধে কোন অডিট আপত্তি ও বিভাগীয় মামলা নাই মর্মে প্রত্যয়ন পত্র।
- (ঘ) প্রার্থী অব্যাহতির আবেদন দাখিল পর্যন্ত বেতন ভাতা উত্তোলন করেছেন কি না। করে থাকলে ট্রেজারী চালানোর মাধ্যমে ০১ (এক) মাসের মূল বেতন ফেরত দিতে হবে।
- (ঙ) দেশ/বিদেশে ট্রেনিং গ্রহণ করেছেন কিনা।
- (চ) অধ্যক্ষ মহোদয়ের সুস্পষ্ট মতামত।

এমতাবস্থায়, উপরে উল্লেখিত কাগজপত্র/তথ্যাদি সমূহ জরুরী ভিত্তিতে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মোঃ আব্দুল ওয়াদুদ মল্লা)  
সহকারী পরিচালক-২

অধ্যক্ষ  
কিশোরগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট।

কার্যার্থে অনুলিপি :-

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।  
(পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। জনাব দিদারুল আলম, ইন্সট্রাক্টর (টেক/আরএসি), কিশোরগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট।
- ৩। সংরক্ষণ নথি।